

## ভেনেজুয়েলায় মার্কিন সাম্রাজ্যবাদের আগ্রাসনের চক্রান্তের প্রতিবাদ করুন সারাবিশ্বে পুঁজিবাদী-সাম্রাজ্যবাদী অন্যায়যুদ্ধ প্রতিহত করুন

গত সেপ্টেম্বরে ভেনেজুয়েলার নিকটবর্তী ক্যারিবীয় সমুদ্রাঞ্চলে সামরিক যুদ্ধজাহাজ ও নৌ-সেনা মোতায়েন করেছে মার্কিন সাম্রাজ্যবাদ এবং বিচারবহির্ভূতভাবে ৮০ জনের অধিক ব্যক্তিকে তথাকথিত ‘মাদক ব্যবসা নির্মূলকরণ’-এর নামে হত্যা করেছে। একইসাথে মার্কিন সাম্রাজ্যবাদবিরোধী ভেনেজুয়েলার মাদুরো সরকারকে উচ্ছেদের জন্য সামরিক আগ্রাসনের চক্রান্তও জারি রয়েছে। আমরা, জনগণতান্ত্রিক ছাত্র সঙ্ঘ, ভেনেজুয়েলায়, সারাবিশ্বের জনগণের শত্রু, মার্কিন সাম্রাজ্যবাদের এহেন সামরিক আগ্রাসনের চক্রান্তের তীব্র প্রতিবাদ ও নিন্দা জ্ঞাপন করছি।

যেমনটা সারাবিশ্বের জন্যই সত্য, ঠিক তেমনটাই ভেনেজুয়েলায়ও মার্কিন সাম্রাজ্যবাদ মূলত তেলসহ অন্যান্য খনিজ সম্পদ দখল করতে চায়। এজন্য মার্কিন সাম্রাজ্যবাদবিরোধী সরকার ও সেদেশের জনগণের উপর নানাবিধ চাপ প্রয়োগ করেছে তারা। এটা ভেনেজুয়েলায় সরকার ও জনগণের জাতীয় স্বাধীনতা ও সার্বভৌমত্বকে হুমকীর সম্মুখীন করেছে। মার্কিন সাম্রাজ্যবাদ বিগত সময়ে মধ্যপ্রাচ্যে ইরাক, মিশরসহ নানাদেশে খনিজ সম্পদ ও ব্যবসা-বাণিজ্যের জন্য সরাসরি সামরিক আগ্রাসন চালিয়েছে, যা ভয়ানকভাবে সেখানকার জনগণের জানমাল, অস্তিত্ব ও সামগ্রিক নিরাপত্তাকে ক্ষতির সম্মুখীন করেছে। একইভাবে আজ ডোনাল্ড ট্রাম্প ভেনেজুয়েলাতেও সামরিক আগ্রাসনের মধ্য-দিয়ে মাদুরো সরকারকে উচ্ছেদ করে বা চাপ প্রয়োগ করে তেলসহ খনিজ সম্পদ দখল করতে চায়, জনগণের উপর নামিয়ে আনতে চায় তাদের অন্যায় যুদ্ধ। ভেনেজুয়েলায় তেল উৎপাদনে বিঘ্ন ঘটলে তা সারাবিশ্বের বাজার-ব্যবস্থায় আরও খারাপ প্রভাব বিস্তার করবে, যা আমরা বিগত সময়ের ইউক্রেনে ন্যাটোর পুতুল সরকার ও সাম্রাজ্যবাদী রাশিয়ার মধ্যকার যুদ্ধের প্রতিফলে প্রত্যক্ষ করেছি।

উল্লেখ্য যে, এসবই বিশ্বব্যাপী পুঁজিবাদী-সাম্রাজ্যবাদী বিশ্বব্যবস্থার সামগ্রিক সংকটের ফল।

আমরা, জনগণতান্ত্রিক ছাত্র সঙ্ঘ, তীব্রভাবে ভেনেজুয়েলায় মার্কিন সাম্রাজ্যবাদের সামরিক আগ্রাসন ও জনগণের উপর অন্যায় যুদ্ধ চাপিয়ে দেওয়ার হীন চক্রান্তের বিরোধিতা করছি, ঠিক যেমনটা আমরা বিরোধিতা করছি ফিলিস্তিনে মার্কিন সাম্রাজ্যবাদের প্রত্যক্ষ সহায়তা ও সমর্থনপুষ্ট জায়নবাদী ইজরায়েল কর্তৃক চালিত নৃশংস গণহত্যার। আমাদের দেশসহ সমগ্র বিশ্বের জনগণের প্রকৃত মুক্তির জন্য, তথা সাম্যবাদ প্রতিষ্ঠার লড়াইয়ে, আমাদের মতো ছাত্র-তরুণ-যুবকদের কাঁধে রয়েছে সারাবিশ্বের শ্রমিক-কৃষকের লড়াইয়ের সহযোদ্ধা হিসেবে দাঁড়ানোর ঐতিহাসিক দায়িত্ব। বিশ্বের যেকোনো প্রান্তের পুঁজিবাদ-সাম্রাজ্যবাদের বিরুদ্ধে পরিচালিত জনগণের লড়াইয়ের সাথে সংহতি, সমর্থন ও যথাসম্ভব সহযোগিতা জ্ঞাপন তাই আমাদের বিপ্লবী আন্তর্জাতিকতাবাদী দায়িত্ব। তাই আজকের এই লড়াইয়ে আমরা ভেনেজুয়েলার জনগণের পাশে রয়েছে, ফিলিস্তিনের আক্রান্ত জনগণের পাশে রয়েছে, রয়েছে দণ্ডকারণ্যের মাওবাদী-বিপ্লবী ও নিপীড়িত আদিবাসী জনগণের পাশে; তাই আজকের এই লড়াইয়ে আমরা তাঁদের পক্ষেই আওয়াজ তুলছি। আমরা, জনগণতান্ত্রিক ছাত্র সঙ্ঘ, সারাবিশ্বের বিপ্লবী, গণতান্ত্রিক, প্রগতিশীল জনগণ, সংগঠন ও ব্যক্তিবর্গকে আহ্বান জানাই— ভেনেজুয়েলায় মার্কিন সাম্রাজ্যবাদের আগ্রাসন চক্রান্তের বিরোধিতা করুন! জনগণের মুক্তির জন্য এই পুঁজিবাদী-সাম্রাজ্যবাদী বিশ্বব্যবস্থার বিপরীতে দেশে দেশে শ্রমিকশ্রেণীর মুক্তির দর্শন মার্ক্সবাদ-লেনিনবাদ-মাওবাদের আলোকে সাম্যবাদ-সমাজতন্ত্র প্রতিষ্ঠার জন্য ঐক্যবদ্ধ হোন, লড়াই-সংগ্রাম ও সংগঠন গড়ে তুলুন!

# জনগণতান্ত্রিক ছাত্র সঙ্ঘ

কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি কর্তৃক প্রচারিত